শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জীবননগর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ১১-০২-২০২১খ্রিঃ, সময় ঃ বেলা- ১০:৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ০৮/২০২০-২১ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত জানুয়ারী-২০২০খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে, গত ১৫-১১-২০২০খ্রিঃ তারিখে উথলী সোনালি ব্যাংক শাখায় বেলা- ১:১০ ঘটিকার সময় ০৩ জন দুর্বৃত্ত অস্ত্রের মুখে ব্যাংকের নিরাপত্তা প্রহরীসহ সবাইকে জিম্মি করে নগদ ৮,৮২,৯০০/- (আট লক্ষ বিরাশি হাজার নয়শত) টাকা লুট করে নিয়ে যায়। এই ছিনতায়কারি ধরা পড়েছে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের অনুরোধ করছি আপনাদের ইউনিয়নে যে সকল আর্থিক প্রতিষ্ঠান আছে সেখানে অবশ্যই সিসি ক্যামেরা লাগিয়ে নিবেন। আমরা ওসি ভিটেপাটি গঠন করেছি। গতবার ভিটেপাটি গঠন করে ডাকাতি, চুরি এবং অসামাজিক কার্যকলাপ বন্ধ হয়ে গিয়েছিল। সে দিক থেকে আমরা সবাই সতর্ক থাকবো। যারা ভিটেপাটি গঠন করেননি তারা ভিটেপাটি গঠন করবেন। আমাদের টহল নিয়মিত চলছে এবং মাদক বিরোধী অভিযান চলমান আছে। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখা এবং মাদক বিরোধি অভিযান চলমান রাখার জন্য অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয় এবং সকল ইউনিয়নের আর্থিক প্রতিষ্ঠানগুলিতে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে, গত ০৮-১২-২০২০খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - আমি ডাঃ সেলিমা আখতার, গত ২১-০১-২০২১খ্রিঃ তারিখে জীবননগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার হিসেবে যোগদান করেছি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভ্যাকসিন গত ০৭-০২-২০২১খ্রিঃ তারিখ থেকে শুরু হয়েছে। এর মধ্যে হাম রুবেলা ক্যাম্পটি শেষ করা হয়েছে। করোনা ভ্যাকসিন শুরু করার পর গত কাল পর্যন্ত আমরা ৪১১জনকে নিবন্ধনের মাধ্যমে ভ্যাকসিন দিয়েছি। আমাদের দপ্তরসহ উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলার সাবেক চেয়ারম্যানগণ, | যাদের বয়স ৪০ বছর এর উপরে তারা সবাই নিবন্ধন করে করোনা ভ্যাকসিন দিবেন এবং ভ্যাকসিন দেওয়ার বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ও পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | রাজনিতিবিদ, সাংবাদিকসহ যারা ভ্যাকসিন দিয়েছেন এখনও পর্যন্ত সবাই সুস্থ আছেন। আমরা এপর্যন্ত ৩০০ ভায়াল ভ্যাকসিন পেয়েছি। ২য় ডোজের জন্য আমাদের আরও ২৭৫ ভায়াল ভ্যাকসিন বরাদ্দ আছে। যাদের বয়স ৪০ বছর এর উপরে তারা সবাই নিবন্ধন করে করোনা ভ্যাকসিন দেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | | |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৮-১২-২০২০খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, গত ০৬-০২-২০২১খ্রিঃ তারিখে আন্দুলবাড়ীয়া FWC এর বাউন্ডারির পাশে আগুন লেগেছিল। সেখানে কিছু বকাটে ছেলেরা নিয়মিত আড্ডা দেয়। তাদেরকে নিষেধ করা সত্তেও তারা শোনে না। এবিষয়ে আমি চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করছি। | উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা কৃষি অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ২৭-০১-২০২১খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- বর্তমানে বোরোধান রোপণ কার্যক্রম চলমান আছে। সকল রবি মৌসুমের ফসল রোপন শুরু হয়েছে। কৃষকদের সঠিক বয়সের চারা এবং লাইনে লাগানোর বিষয়ে সচেতন করার বিষয়ে আলোচনা করা হয়। সরকারি বিধি মোতাবেক স্ব স্ব ইউনিয়নের বাসিন্দাদের স্ব স্ব ইউনিয়নে সারের ব্যবসা পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। কৃষকদের কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে ধান কাটার যন্ত্র সরবরাহের চাহিদা প্রণয়ন ও প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদে কৃষকদের প্রয়োজনীয় সেবা প্রদানের উদ্দেশ্যে পরিষদে ১০ টি করে স্প্রে মেশিন এবং ৫টি ফুট পাম্প স্প্রেয়ার সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করায় উপজেলা কৃষি অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং প্রত্যেক ইউনিয়ন পরিষদে কৃষকদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদে ১ টি করে স্প্রে মেশিন ও ১টি করে ফুট পাম্প স্প্রেয়ার সরবরাহের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ |
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>মৎস্য বিভাগীয় ঃ উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা বলেন যে, গত ১১-১১-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করায় উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জীবননগর। |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করায় উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর। |
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২০-২১খ্রিঃ অর্থবছরে বরাদ্দকৃত এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের বিপরীতে নীতিমালার আলোকে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলি গত ০৭-১২-২০২০খ্রিঃ তারিখে বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১০-১২-২০২০খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় | যেহেতু উক্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে সে মোতাবেক দ্রুত দরপত্র আহবান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদিত হয়। সেই প্রেক্ষিতে দরপত্র ও প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পগুলির প্রাক্কলনের প্রস্তুতের কাজ শেষ হয়েছে। | | |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) বলেন যে - ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বরাদ্দকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উন্নয়নের ০৬টি উপ-প্রকল্প এবং ৩৯,৯৮,২০০.০০ + ভ্যাট ও ট্যাক্স- ৪,৪১,৮০০.০০ = মোট- ৪৪,৪০,০০০.০০ (চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের ০৩টি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলনের প্রস্তুতের কাজ চলিতেছে। | উক্ত আলোচনান্তে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি এবং অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলি বাস্তবায়নে লক্ষ্যে PMU বরাবর উপ-প্রকল্পগুলির কাগজ পত্র বিধি মোতাবেক জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট দপ্তরকে উক্ত উপ-প্রকল্পের কাগজপত্রগুলি উল্লেখিত তারিখের আগে ইউডিএফ এর বরারব প্রেরন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তর সমুহ এবং ইউডিএফ। |
| ১০ | উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে-<br>(ক) জীবননগর উপজেলায় ১১,১৪২ জন ভাতা ভোগি আছে। তাদের সকলকে এমআইএস ভূক্ত করার পর তাদেরকে বিকাশ একাউন্ট করে বিকাশের মাধ্যমে টাকা দেওয়ার নিয়ম চালু হয়েছে। উক্ত কার্যক্রম ৫টি ইউনিয়নে আজ থেকে শুরু হয়েছে। একার্য্যক্রমে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়। | (ক) উক্ত ভাতা কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| | (খ) জীবননগর উপজেলার বিভিন্ন দপ্তরে সেবা নেওয়ার জন্য উপজেলার ০৮টি ইউনিয়নের বিভিন্ন গ্রাম থেকে অসংখ্য মানুষ আসেন। কিন্তু উপজেলার অভ্যন্তরে কোন পাবলিক টয়লেট না থাকার কারনে মানুষের সমস্যায় পড়তে হয়। সে কারনে জরুরী ভিত্তিতে উপজেলার অভ্যন্তরে একটি পাবলিক টয়লেট করার বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট প্রস্তাব রাখলে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন। | (খ) উক্ত টয়লেটগুলি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে করা হয়। সেহেতু পাবলিক টয়লেট এর বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১২ | উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেরা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে | ভারপ্রাপ্ত |

| | | | |
|---|---|---|---|
| | ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, গত ০৭-১২-২০২০খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিচালনার করায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রকে, পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ১১-০১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, মাধ্যমিক স্তরের শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষে উপজেলায় মাধ্যমিক স্তরের (মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট ক্লাসরুম স্থাপন করা প্রয়োজন এবং উপজেলায় মাধ্যমিক স্তরের শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ায় শ্রেণি কক্ষে পাঠদান বৃদ্ধি করা প্রয়োজন। ডিজিটাল কন্টেন প্রদর্শনের জন্য প্রজেক্টর ও ল্যাপটপ সরবরাহ করা জরুরী এবং মাধ্যমিক পর্যায়ে এখন ২০% বই আসতে বাকি আছে। আমরা ১০০% বই পাওয়া মাত্রই প্রত্যেক স্কুলে পাঠিয়ে দেওয়া ব্যবস্থা করবো। | (ক) ২০২০-২১ অর্থবছরে প্রকল্প গ্রহন করা শেষ উক্ত বিষয়গুলি আগামী অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে এবং অবশিষ্ঠ বই পাওয়া মাত্রই সুষ্ঠ ভাবে বিতরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। |
| ১৫ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০১-০২-২০২১খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br>(ক) বিবেচ্য সময়ে সকল (৭১টি) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের জানুয়ারি মাসের বেতনভাতা বিল দাখিল করা হয়েছে। মোবাইল একাউন্টের মাধ্যমে সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নগদ পোর্টালে তথ্য এন্ট্রির কাজ ৩১-০১-২০২১খ্রিঃ তারিখে সম্পন করা হয়েছে। বর্তমানে ভেলিডেশনের কাজ চলমান আছে। শীঘ্রই উপবৃত্তির অত্র শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল একাউন্টে ছাড় করা হবে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবেই চলমান আছে। | (ক) শিক্ষকগণের বেতন-ভাতা, নগদ পোর্টালে উপবৃত্তির তথ্য এন্ট্রি কার্যক্রমসমূহ সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সু-সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (খ) আগামী ১৪-০২-২০২১খ্রিঃ তারিখের পর বিদ্যালয়সমূহ পুনঃরায় খুলে দেওয়া হবে মর্মে কর্তৃপক্ষ কর্তৃক পত্র জারি করা হয়েছে। এক্ষেত্রে বিদ্যালয়সমূহকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীরা যেন পর্যাপ্ত স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে উপস্থিত হয় সেবিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকগণকে সচেতন করতে বিদ্যালয়ের শিক্ষকগণের পাশাপাশি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীরা যেন পর্যাপ্ত স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে উপস্থিত হয় সেবিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকগণকে সচেতন করতে বিদ্যালয়ের শিক্ষকগণের পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (গ) প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত সুবিধাভোগী শিশুদের মোবাইল একাউন্টের মাধ্যমে উপবৃত্তি পাওয়ার ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক। বেশ কিছুদিন ইউনিয়ন পরিষদের জন্ম নিবন্ধন সার্ভার বন্ধ থাকলেও সম্প্রতি তা খুলে দেওয়া হয়েছে। এমতাবস্থায় অবিলম্বে শিশুদের জন্ম নিবন্ধন সনদ ইস্যু করা না হলে তারা উপবৃত্তির সুবিধা হতে বঞ্চিত হবে। তাই যথাসম্ভব দ্রুত আবেদন কারী শিশুদের জন্ম নিবন্ধন সনদ ইস্যু করার জন্য মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) শিশুদের জন্ম নিবন্ধন সনদ ইস্যু করার বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | |
| ১৬ | <u>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৮-০২-২০২১খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৬৫ লক্ষ টাকা। জানুয়ারী-২০২১ মাসে অগ্রগতি ০.৫০ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ১০.৪৮ লক্ষ টাকা, এ পর্যন্ত আদায় ৭.৮৫ লক্ষ টাকা, ঋণ বিতরণের বার্ষিক লক্ষমাত্রা ২৫০.৭৫ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ২৩২.৩৭ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ২৪৮.৮১ লক্ষ টাকা, আদায়ের পরিমান ২১০.৭২ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৮৪% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৯৫.৫৪ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |
| ১৭ | <u>উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি ২০২০-২০২১ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৭২ লক্ষ টাকা। জানুয়ারী-২০২১ মাসে অগ্রগতি ০.২৮ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ৩.২৮ লক্ষ টাকা। এ পর্যন্ত আদায় ০.৯৩ লক্ষ টাকা। ঋণ বিতরণের লক্ষমাত্রা ১৪০.৪৭ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমান ৩৮.২৯ লক্ষ টাকা। বছরে ঋণ আদায়ের লক্ষমাত্রা ১৪২.৩৪ লক্ষ টাকা। আদায়ের পরিমান ৪৯.২৯ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৩৪% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। বর্তমানে খেলাপী ঋণের পরিমান ৫৩.০১ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। |
| ১৮ | <u>উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মনোহরপুর আশ্রায়ন প্রকল্পে উপকারভোগীদের নিকট পাওনা ঋণের পরিমান ১৫.৩৩ লক্ষ টাকা। এ পর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৮.৭৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৬০%। উল্লেখ্য ঋণ গ্রহণ | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা | উপজেলা সমবায় অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | পূর্বক ব্যারাক ত্যাগকারী সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ৪.৪৪ লক্ষ টাকা এবং মৃত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ০.২৬ লক্ষ টাকা। ব্যারাকে অবস্থানকারী সদস্যরা নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করছে। ঋণ আদায়ের অগ্রগতি পূর্বের তুলনাই মোটামুটি সন্তোষজনক। তিনি আরও বলেন যে, আমি জীবননগর উপজেলায় দীর্ঘ ৬ বছর ৪ মাস কর্মরত আছি। আগামি ২৮-০২-২০২১খ্রিঃ তারিখে আমার শেষ কর্মদিবস। আনুষ্ঠানিক ভাবে আপনাদের সাথে আমি আর এই ভাবে মিটিং করতে পারবো না। আপনারা আমার জন্য দোয়া করবেন। আমার কথায় বা আচার আচারনে যদি কেই কোন কষ্ট পেয়ে থাকেন তাহলে আপনারা আমাকে ক্ষমা করে দিবেন। | হয়। | |
| ১৯ | <u>আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে দলগঠন ক্রমপুঞ্জিত ১১৩ টি, সদস্য সঞ্চয় জমার লক্ষমাত্রা ২০.০০ লক্ষ টাকা। জানুয়ারী-২০২১ অগ্রগতি হয়েছে ১৩.৭৪ লক্ষ ক্রমপুঞ্জিত ১০৯.০৩ লক্ষ টাকা। কর্জ বিতরণের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। অর্জন হয়েছে ১৩৭.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত অর্জন ৫৩৮.৫০ লক্ষ টাকা। কর্জ আদায়ের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। আদায় হয়েছে ৯৩.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত আদায় ২৫০.৬৭ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প-কে অনুরোধ করা হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, জীবননগর। |
| ২০ | <u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রমঃ</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ১০-০১-২০২১খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- বাজারে নৃত্য প্রয়োজনীয় দ্রব্যের কোন সংকট নেই। নিত্যপণ্য সামগ্রীর বাজার মূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। বাজারে পর্যাপ্ত শীতের সবজী থাকায় সবজীর দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। গত পনের দিন আগে খোলা আটার দাম কেজিতে ২/= টাকা বেড়ে ২৮/= থেকে ২৯/= টাকা হলেও এক সপ্তাহের মধ্যেই আবার ২৭/= টাকায় নেমে এসেছে। সরকারী খাদ্য গুদামে পর্যাপ্ত মজুত রয়েছে। বিদেশ থেকেও চাল ও গম আমদানী অব্যাহত রয়েছে। সরকারী ভাবে মজুত বৃদ্ধি পাওয়ায় এবং সরকারের নানাবিধ প্রচেষ্টা অব্যাহত থাকায় বর্তমানে চালের বাজার মূল্য স্বাভাবিক রয়েছে। নিত্য পণ্য সামগ্রীর বাজার মূল্য স্বাভাবিক ও সহনীয় পর্যায়ে রাখতে সরকার ইতিমধ্যে নানাবিধ কর্মসূচী হাতে নিয়েছে। এরই অংশ হিসাবে বন্যা ও দূর্যোগ প্রবণ এলাকায়, শিল্প এলাকা, বিভাগীয় শহর ও জেলা শহরে ওএমএস এর মাধ্যমে চাল, আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, বিক্রেতা বা ব্যবসায়ীগণ যেন পণ্যের কৃত্রিম সংকট তৈরী ও অবৈধ ভাবে মজুত গড়ে তুলে যেন পণ্যের মূল্য বৃদ্ধি করতে না পারে সে দিকে কড়া নজরদারীর ব্যবস্থা রাখতে হবে। পণ্যের সঠিক ওজন নিশ্চিত করতে হলে সব ধরনের ব্যবসায়ী ও বিক্রেতাকে ডিজিটাল ওজন স্কেলের ব্যবহার নিশ্চিত করতে হবে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ সভায় আরও জানান যে, ব্যবসায়ীরা যেন ইচ্ছামত পণ্যের মূল্য নির্ধারন করে সাধারণ মানুষের | উপজেলা বাজার মনিটরিং কমিটির নিবিড় তত্তাবধানে দ্রব্য মূল্য স্থিতি রাখছে কিনা, দ্রব্য মূল্য অবৈধ মজুদ রাখছে কিনা, দ্রব্য মূল্যের মূল্য তালিকা টাঙাছে কিনা, অসাধু ব্যবসায়ীরা খাদ্যপণ্যে ভেজাল ও ক্ষতিকর কেমিক্যাল দিচ্ছে কিনা, অবৈধ ভাবে স্ট্রক করছে কিনা এবিষয়ে সকলকে ভূমিকা রাখার জন্য পরিষদের পক্ষ থেকে সংশ্লিষ্ঠ সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সদস্যবৃন্দ। |

| | | | |
|---|---|---|---|
| | ঠকাতে না পারে সেজন্য প্রতিটি দোকানে মূল্য তালিকা টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অসাধু ব্যবসায়ী ও মজুতদারগণ যেন পণ্যের কৃত্রিম সংকট তৈরী ও অবৈধ মজুত গড়ে তুলে পণ্যের মূল্য বৃদ্ধি করতে না পারে তার জন্য নিত্য পণ্য সামগ্রী ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে মাঝে মাঝে মতবিনিময়সহ বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | | |
| ২১ | উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ১২-১০-২০২০খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগিয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২২ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৯-০২-২০২১খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br>(ক) ২০১৯-২০ অর্থবছরে অত্র উপজেলার ০৮টি ইউনিয়নে সর্বমোট ৫৯২ জনের ভাতাভোগীদের জুন-২০২০খ্রিঃ পর্যন্ত ভাতা পরিশোধ করা হয়েছে। চলতি ২০২০-২১ অর্থবছরে প্রতি ইউনিয়নে ৪৫ জন হিসাবে বরাদ্দ পাওয়া গিয়াছে। যাচাই বাছাই এর কাজ সমাপ্ত হয়েছে। চলতি অর্থবছরে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচী (আই.জি.এ) প্রকল্পের ব্লকবাটিক ও বিউটিফিকেশন ট্রেড গত ২৬ মার্চ হতে কোভিড-২০১৯ এর জন্য অত্র প্রশিক্ষণ কেন্দ্র বন্ধ ছিল। সদর দপ্তরের নির্দেশনা সাপেক্ষে অক্টোবর-২০২০খ্রিঃ হতে (আই.জি.এ) প্রকল্পের ব্লকবাটিক ও বিউটিফিকেশন ট্রেড চালু করা হয়েছে। জানুয়ারী-মার্চ-২০২১ সময়ের প্রশিক্ষণ চলমান থাকবে। ২০১৯-২০ চক্রে ভিজিডি সুবিধাভোগীদের চলতি মাসে ডি.ও প্রদান করা হয়েছে। এছাড়া জানুয়ারী-২০২০ হতে জুন-২০২০ মাসের ভিজিডি পরিবহন ব্যয় বিল ইউনিয়ন চেয়ারম্যানদের অনুকুলে পরিশোধ করা হয়েছে। গত ২৬ শে মার্চ হতে কোভিড ২০১৯ এর জন্য অত্র প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। ২০২১-২২ চক্রের ভিজিডি ভাতাভোগী নির্বাচনের জন্য যাচাই বাছাই এর কাজ সমাপ্ত হয়েছে। কার্ড বিতরণ ও খাদ্যের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে এবং অত্র কিশোর কিশোরী ক্লাব গত ২৬ মার্চ হতে কোভিড-২০১৯ এর জন্য প্রশিক্ষণ কেন্দ্র বন্ধ ছিল। চলতি মাসে কিশোর কিশোরী ক্লাব চলমান আছে। যথাযথ বিজ্ঞপ্তির মাধ্যমে গত ৩১ শে জানুয়ারী সংগীত শিক্ষক ও আবৃতি শিক্ষক এর শূন্য পদে নিয়োগের প্যানেল প্রস্তুত করা হয়েছে। বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার করায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |
| | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তর, জীবননগর কার্যালয়ের মাধ্যমে প্রতি তিন মাসে ৩০ জন করে বছরে ১২০ জন দুঃস্থ, অসহায় মহিলাদের (বৃত্তিমূলক) দর্জি ও এমব্রয়ডারী প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ পুনরায় চলমান। অক্টোবর-২০২০ তারিখ হতে প্রশিক্ষণ শুরু হয়েছে। জানুয়ারী-মার্চ-২০২১ সময়ের প্রশিক্ষণ চলমান। দপ্তরে সেলাই মেশিন পর্যাপ্ত বা চাহিদা অনুযায়ী না থাকায় দর্জি (সেলাই) প্রশিক্ষণ কাজ যথাযথ ভাবে সম্পাদন করা সম্ভব হয় না। ০৩টি সেলাই মেশিন আছে তার মধ্যে ০২টি সেলাই মেশিন নষ্ট। ০১টি সেলাই মেশিন দিয়ে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দেওয়া খুবই অসাধ্য হয়ে পড়েছে। উপজেলা | (খ) উক্ত সেলাই মেশিনের বিষয়ে আগামী অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিলের বরাদ্দ হইতে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদ হতে ০৫টি সেলাই মেশিনের ব্যবস্থা করা হলে দর্জি প্রশিক্ষণ কার্যক্রম ভালভাবে চলবে এবং প্রশিক্ষণ গ্রহনকারী মহিলারা দর্জির কাজ করে নিজেরা সাবলম্বি হতে পারবে। তাছাড়া ৩০ জন প্রশিক্ষণার্থী বসার ও সেলাই মেশিন রাখার জন্য পর্যাপ্ত জায়গা না থাকায় খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| ২৩ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ জনাব ফিরোজ আহমেদ রানা, এস.এ.এস. সুপারিনটেনডেন্ট, উপজেলা হিসাব রক্ষণ অফিস বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর লক্ষ উদ্দেশ্য পূরণে সারা বাংলাদেশে যত পেনশনার আছে তারা সবাই ইএফটির আওতায় পেনশন পাবেন। এবিষয়ে আগামী ১৭ মার্চ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষনা দিবেন এবং ইএফটির মাধ্যমে সকল কর্মকর্তা-কর্মচারিদের বেতন নেওয়ার কথা কিন্তু ০৩টি অফিসের ডাটাবেজ আমাদের অফিসে এখনো জমা দেওয়া হয়নি। আগামি মার্চ এর মধ্যে যদি তথ্য না পায় তাহলে ম্যানুয়ালি বেতন দেওয়া বন্ধ হয়ে যাবে। আমি উল্লেখিত অফিসগুলির অনুরোধ জানাচ্ছি ইএফটির মাধ্যমে বেতন-ভাতা নেওয়ার জন্য। এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কর্মকর্তা-কর্মচারিদের বেতন-ভাতা ইএফটির আওতায় আনার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং যে অফিসগুলি এখন পর্যন্ত ইএফটির মাধ্যমে বেতন নেওয়ার কার্যক্রম শুরু করেননি সে অফিসগুলিকে দ্রুত ইএফটির মাধ্যমে বেতন নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন যে, গত ০৩-০২-২০২১খ্রিঃ তারিখে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- জীবননগর উপজেলার সার্বিক স্যানিটেশন অবস্থা সন্তোষজনক এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অত্র উপজেলাতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর একটি নতুন অফিস নির্মান করা হবে যা অত্র অধিদপ্তরের সুযোগ্য প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী মহোদয় কর্তৃক টেন্ডার কার্যক্রম চলমান আছে। এমতাবস্থায় উক্ত অফিস ভবন নির্মানের জন্য স্থান নির্বাচন ও উক্ত স্থানের গাছ সমূহ অপসারন করা প্রয়োজন। | অফিস ভবন নির্মানের জন্য স্থান নির্বাচন ও গাছ সমূহ অপসারন করার বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | উক্ত দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জীবননগর। |
| ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বলেন যে - তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করায় উপজেলা পরিসংখ্যান তদন্তকারিকে | উপজেলা পরিসংখ্যান অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | | পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | জীবননগর। |
| ২৮ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাস উপেক্ষা করে আমরা জনগণকে সার্ভিস দিয়ে যাচ্ছি। এখন শুষ্ক মৌসুম, আমরা আমাদের কার্যক্রম অব্যহত রেখেছি। আমরা প্রতি সপ্তাহে মার্কেট, দোকান ও রাইসমিলসহ বিভিন্ন জায়গায় অগ্নিকান্ড নির্বাপক দিয়ে সবাইকে সচেতন করছি এবং উপজেলার কোন স্থানে অগ্নিকান্ডের ঘটনা ঘটলে আমরা সেখানে দ্রুত অবস্থান করে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করি। কিন্তু সাধারণ জনগনের কারনে আমাদের কাজ করতে অনেক সমস্যা হয়। অগ্নিকান্ডের স্থানে যদি পুলিশ ফোর্স থাকে তাহলে আমাদের কাজ করা সহজ হয়। আমরা যাতে পুলিশ ফোর্স পায় সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগরকে ধন্যবাদ দেওয়া হয় এবং কোন জায়গায় অগ্নিকান্ডের ঘটনা ঘটলে পুলিশ ফোর্স পাঠানোর বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার ইনচার্জ জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা এবং স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। |
| ২৯ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে ধন্যবাদ দেওয়া হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩০ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে উঠান বৈঠক বন্ধ ছিল। এখন থেকে আবার উঠান বৈঠকের কার্যক্রম শুরু হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জীবননগর। |
| ৩১ | দীপক কুমার বসু, উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, আজ আমার উপজেলা পরিষদের প্রথম সভা। ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন নামে আমাদের এখানে অফিস আছে। আমাদের দপ্তর স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধিনে। বাংলাদেশের ১৭৪টি উপজেলায় আমাদের কার্যক্রম চলমান আছে। আমরা ক্ষুদ্র ঋণ দিয়ে থাকি। এসকল কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, উপজেলা ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়সহ পরিষদের সকল সদস্যদের সহযোগিতা কামনা করা হয়। | উক্ত দপ্তরের সকল কার্যক্রমে সহযোগিতার জন্য পরিষদের সকল সদস্যদের অনুরোধ করা হয়। | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করার জন্য সভাকে অবহিত করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত আপডেট করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর। |
| ৩৩ | জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, উপজেলার বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদেরকে সতর্ক করলে ভালো | উক্ত ইট ভাটার মালিকদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | হয় এবং মেইন রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | | |
| ৩৪ | জনাব মোছাঃ আয়েশা সুলতানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, যাদের বয়স ৪০ বছর এর উপরে তারা সবাই নিবন্ধন করে করোনা ভ্যাকসিন দিবেন এবং ভ্যাকসিন দেওয়ার বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করবেন। আমি ভ্যাকসিন দিয়েছি আপনারাও দিবেন। উপজেলার বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে। ইট ভাটার গাড়ী রাস্তায় চলাচলের কারনে রাস্তা ভেঙ্গে নষ্ট হয়ে যাচ্ছে। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | উক্ত ইট ভাটার মালিকদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৫ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদে সচিব নেই। উথলী ও কেডিকে ইউনিয়ন পরিষদের ভবনও নেই। ভবনের জন্য ২টি ইউনিয়নের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। আমরা বিভিন্ন ভাবে চেষ্টা করেও কোন ফলাফল পাচ্ছি না এবং জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ উপজেলার বিভিন্ন ক্লিনিকে বাচ্চা জন্ম গ্রহন করেন। বাচ্চা জন্ম নেওয়ার পর হাসপাতাল এবং ক্লিনিকগুলি সংশ্লিষ্ট ইউনিয়নে যদি রিপোর্ট দেয় তাহলে আমরা তাৎক্ষণিক ভাবে বাচ্চাদের জন্ম নিবন্ধনগুলি করে দিতে পারি। উক্ত বিষয়গুলি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | সচিব পদায়নের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৬ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আন্দুলবাড়ীয়া ইউনিয়নে ০৩টি ইট ভাটা আছে। তারা ট্যাক্স দেয় না। আমরা তাদেরকে বার বার চিঠি দিয়েছি। কিন্তু তারা আমাদের কোন কথায় কর্ণপাত না করে ভাটা চালিয়ে যাচ্ছে এবং মেইন রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত ট্যাক্স এবং ইট ভাটার মালিকদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৭ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বাঁকা ইউনিয়নের বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে এবং রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৮ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। হাসাদাহ ইউনিয়নের বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে এবং হাসাদাহ ইউনিয়নে যে ইট ভাটা আছে। আমরা তাদেরকে বার বার বলার পরেও তারা ট্যাক্স দেয় না। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দুরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | | |
| ৩৯ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। রায়পুর ইউনিয়নের বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে এবং রায়পুর ইউনিয়নে যে ইট ভাটা আছে। আমরা তাদেরকে বার বার বলার পরেও তারা ট্যাক্স দেয় না। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দুরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪০ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমাদের ইউনিয়নে যে সকল ইট ভাটা, প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয় আছে এইগুলি প্রতিষ্ঠান আমাদের কোন ট্যাক্স দেয় না। উপজেলার অভ্যন্তরে একটি পাবলিক টয়লেট করার বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয় এবং আগামী ১২-০২-২০২১খ্রিঃ তারিখে মনোহরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ভর্তি কার্যক্রম উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠানে আপনারা সবাই আমন্ত্রিত। | উক্ত প্রতিষ্ঠানগুলির মালিকদের ট্যাক্স দেওয়ার বিষয়ে পত্র দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বলা হয়। | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |
| ৪১ | জনাব মোঃ খাশিয়ার রহমান, সদস্য, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, কেডিকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কেডিকে ইউনিয়নে ০৬টি ইট ভাটা আছে। তারা ট্যাক্স দেয় না। আমরা তাদেরকে দুই বার চিঠি দিয়েছি। কিন্তু তারা আমাদের কোন কথায় কর্ণপাত না করে ভাটা চালিয়ে যাচ্ছে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪২ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, রাস্তায় লাল শাকের বিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সতর্ক থাকতে হবে তারা যেন রাস্তায় লাল শাক না দিতে পারে। ইট ভাটার গাড়ীর বিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে। সারা বাংলাদেশে মুজিববর্ষ উপলক্ষে ম্যারাথন দৌড় প্রতিযোগিতার আয়োজন করতে হবে। এ বিষয়ে সভা করা হয়েছে। এপ্রতিযোগিতার তারিখ জেলা প্রশাসক মহোদয় জানিয়ে দিবেন। ম্যারাথন দৌড়ে অংশ গ্রহন করতে হলে অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। আমরা রেজিস্ট্রেশন করে সবাই প্রতিযোগিতায় অংশ গ্রহন করবো এবং আগামী ১৪-০২-২০২১খ্রিঃ তারিখে জীবননগর পৌরসভার নির্বাচন। এনির্বাচন অনুষ্ঠানে পরিষদের সকল সদস্যদের সহযোগিতা কামনা করা হয়। | | |
| ৪৩ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত ঃ</u><br><br>(ক) জানুয়ারী-২০২১খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে - | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জীবননগর, চুয়াডাঙ্গা। |

| | | |
|---|---|---|
| | (০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র। | চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (০২) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৩০০.০০ (চৌদ্দ হাজার তিনশত) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৩০০.০০ (চৌদ্দ হাজার তিনশত) টাকা মাত্র। | (০২) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারী গণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/ সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (০৩) জীবননগর উপজেলা পরিষদে মাষ্টাররোলে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মাত্র। | (০৩) উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (০৪) জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯২০.০০ (সাইত্রিশ হাজার নয়শত বিশ) টাকা মাত্র। | (০৪) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত |

| আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- |
| | গৃহীত হয়। |
| (০৫) জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৮০.০০ (চার হাজার নয়শত আশি) টাকা মাত্র। | (০৫) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর “আনুষঙ্গিক” খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৬) জানুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৬) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর “বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ” খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বিভিন্ন জাতীয় দিবস উদযাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। তার আলোকে-আগামী ২১শে ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ তারিখে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য পরিষদের রাজস্ব তহবিল হতে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা উত্তোলন পূর্বক দিবসটির কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদনের বিষয়ে সভাকে অবহিত করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (খ) আগামী ২১শে ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ তারিখে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(খ) অনুচ্ছেদ এর “জাতীয় দিবস উৎযাপন” খাত হইতে উত্তোলন পূর্বক ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের চুয়াডাঙ্গা ঘ-১১-০০১৭ নং জীপ গাড়ী গত ০৩-০২-২০২১খ্রীঃ তারিখে মেরামতের মালামাল ক্রয় বাবদ- সামনের চাকার বুশ- ০৪টি, মেন অয়েল সেল- ০১টি, সামনের চাকার বিয়ারিং- ০৪টি, সামনের শো-কজা- ০২টি, পিছনের চাকার ব্রেক-সু- ০৪টি, সামনের চাকার ব্রেক-সু- ০৪টি ও পিছনের চাকার বিয়ারিং- ০২টি বাবদ সর্বমোট- ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা মাত্র ব্যয় হয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়কৃত মালামালের টাকা পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (গ) উক্ত জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ সর্বমোট- ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ণ) অনুচ্ছেদ এর “যানবাহন মেরামত” খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| (ঘ) বিদ্যুৎ বিভ্রাটের কারনে অফিসের দাপ্তরিক কাজ ও কম্পিউটার চালানো ব্যাহত হচ্ছে। অফিসের অনেক কাজ পেন্ডিং হয়ে যাওয়ার কারনে উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ করা যাচ্ছে না। বিকল্প বিদ্যুৎ হিসাবে কম্পিউটার সচল রাখার জন্য উপজেলা চেয়ারম্যান কার্যালয়ের জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি ক্রয় করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ০২ (দুই) সেট আই.পি.এস ক্রয়ের জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঘ) উক্ত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান কার্যালয়ের জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি বিধি মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে RFQ পদ্ধতিতে দরপত্র আহবান করে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি বলেন যে, সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। উপজেলার বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মাইকিং করে সতর্ক করার জন্য অনুরোধ করা হয়। যে সকল ইউনিয়নে ইটের ভাটা আছে যারা ইউনিয়ন পরিষদে ট্যাক্স দেয় না সে সকল মালিকদের কাছে বিধি মোতাবেক চিঠি প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। যাদের বয়স ৪০ বছর এর উপরে তারা সবাই নিবন্ধন করে করোনা ভ্যাকসিন দিবেন এবং ভ্যাকসিন দেওয়ার বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করবেন। ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত সকল প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বিশ্বব্যপী করোনা ভাইরাস (কোভিড-১৯) যে ভাবে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে করে আমাদের উচিত হবে অবশ্যই মুখে মাস্ক ব্যবহার করা, নিয়মিত সাবান দিয়ে হাত-পা ধৌত করা, সামাজিক দুরুত্ব মেনে চলা। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। গরম পানি খাওয়া। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। আর নিজেকে সুরক্ষিত রাখা। সরকারী ঘোষিত নিয়ম কানুন মেনে চলাসহ আতঙ্কিত না হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা বাসীর প্রতি আমার অনুরোধ রইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/২/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২০-২০২(৫০) তারিখ ঃ ১৮-০২-২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। চেয়ারম্যান ............................................ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা ................................................. অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব .......................................................... জীবননগর, চুয়াডাঙ্গা।

১৮/২/২০২১

(এস. এম. মুনিম লিংকন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫০০১
unojibannagar@mopa.gov.bd